

বাহিরের হাঁড়ি সব ফুরাইয়া গেল  
ঘরে যাহা ছিল সব আনিতে লাগিল।।  
ঘরে ছিল নূতন নূতন যত হাঁড়ি।।  
পাগলের নিকটেতে লয়ে যায় বুড়ি।।  
তাহা দেখি 'প্রভু বলে হ'ল ঘাট বাঁধা।  
এ ঘাটেতে আর নাহি হবে সর কাঁদা।।  
জোয়ার ভাঁটার দেশ ঘাটে হয় কাঁদা।।  
সেইজন্য হ'ল মাগো এই ঘাট বাঁধা।।'  
অদ্যাবধি সেই ঘাটে কাঁদা নাহি হয়।।  
পাগলের বরে ঘাট শানতুল্য রয়।।  
পাগলের ঘাট বাঁধা অলৌকিক কাজ।।  
রচিল তারকচন্দ্র কবি রসরাজ।।



## পাগলের প্রত্যাবর্তন

উত্তরাভিমুখে চলে পাগল গৌঁসাই।  
চলিলেন গঙ্গাচর্ণা সঙ্গে চলে রাই।।  
পার হ'তে মধুমতী নৌকা নাহি পায়।  
হাটুরিয়া এক নৌকা দেখিবারে পায়।।  
পাঁচজন এক নায় হাটে যাইবারে।  
দোকান পসরা তুলে নৌকার উপরে।।  
নৌকার নিকটে গিয়া বলিল গৌঁসাই।  
'এই নৌকা পরে তুমি উঠ গিয়া রাই।।'  
রাই গিয়া উঠিল সে নৌকার উপরে।  
হাটুরিয়া একজন বলে ক্রোধ ভরে।।  
'আমরা চলেছি হাটে হারেবেটা-বোকা।  
নৌকার উপর কেন উঠিলি খামাকা।।  
আর একজন এক বোঝা ল'য়ে এল।  
একাকী সে বোঝা সেই নামাতে নারিল।।  
পাগল বলেছে 'রাই তুই তো বর্বর।  
দাদার মাথার বোঝা শীঘ্র করি ধর।।'

রাই এসে সেই বোঝা শীঘ্র নামাইল।  
সাহা বলে 'তোমরা কোথায় যাবে বল।।'  
রাই বলে 'যাব মোরা মধুমতী পারে।  
সাহা বলে 'উঠ দৌঁহে দিব পার করে।।'  
সেই নৌকা' পরে গিয়া উঠিল পাগল।  
মুখে বলে 'জয়হরি গৌঁরহরি বল।।  
পাগল বলেছে 'রাই হও গে কাণ্ডারী।  
তুমি গিয়া হাল ধর আমি দাঁড় ধরি।।'  
সাহাজীরা বলে 'কেন তোমরা বাহিবে।  
আমরা করিব পার বসে থাক এবে।।'  
পাগল তাহা না শুনি হাল গিয়া ধরে।  
রাই গিয়া দাঁড় ধরে আগা নৌকা পরে।।  
পাগল ধরিয়া হাল ঘুরাইছে নাও।  
বলে 'রাই হরিবলে জোর দিয়া বাও।।'  
সাহাজীরা কয়জন জোরে টানে বৈঠে।  
পাগল বলেছে 'রাই দাঁড় ধর এঁটে।।  
অতিবেগে চলে নৌকা কাণ্ডারী পাগল।  
কিনারের লোকে দেখে বলে হরিবোল।।'  
'জয়হরি বলরে গৌঁর হরিবোল।'  
রাম রাম মহাধ্বনি করিছে পাগল।।  
এইমত পার হয় দশ-বারো বার।  
নদী মধ্যে নৌকা ঘুরায়েছে চক্রাকার।।  
সাহাজীরা বাক্যহত হ'য়েছে বিহুলা।  
পাগল বলেছে 'হাটে যেতে নাই বেলা।।  
এতবলি নৌকা নিল পশ্চিম কিনারে।  
লক্ষ দিয়া পাগল পড়িল গিয়া তীরে।।  
নৌকা বাহে সাজহীরা হ'য়ে জ্ঞানহারা।  
পাগল বলেন 'কোথা বেয়ে যাস্ তোরা?  
চেতন পাইয়া সাহাজীরা করে মানা।  
'আমাদের ছেড়ে প্রভু যেওনা যেওনা।।'  
কূলে উঠে সাহাজীরা শ্রীচরণে পড়ে।  
বলে 'প্রভু আরবার উঠ নৌকা' পরে।।